গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২৩-২৪ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খায়রুল কবীর মেনন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ৩০ অক্টোবর ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.৩০ |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপনের জন্য সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও উপসচিব, প্রশাসন-৩ কে অনুরোধ জানান। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ হতে প্রাপ্ত খসড়া উদ্ভাবনী ধারণাসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য সচিব মহোদয়ের নিকট উপস্থাপন।**

**১.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.১ কার্যক্রম (সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত) বাস্তবায়নের নিমিত্ত নিম্নলিখিত খসড়া উদ্ভাবনী ধারণাসমূহ পাওয়া গিয়েছে।

| ক্রম | প্রস্তাবিত উদ্ভাবনী ধারণা | অফিস |
|---|---|---|
| ১. | Prison Inmate Database System ব্যবহার করে বিভিন্ন দিবসে বন্দি মুক্তির সুপারিশ প্রণয়ন | সুরক্ষা সেবা বিভাগ |
| ২. | Visa Application Tracking Management System | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৩. | Fire and Rescue Apps | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৪. | Digital Store Management System | কারা অধিদপ্তর |
| ৫. | শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.১ কার্যক্রম সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক ১৬ মে ২০২৪ তারিখ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক ১৬ মার্চ ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। সভায় প্রাপ্ত খসড়া উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে প্রাপ্ত খসড়া উদ্ভাবনী ধারণাসমূহ সচিব মহোদয়ের নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য

সুপারিশ করা হয়।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) প্রাপ্ত খসড়া উদ্ভাবনী ধারণাসমূহ সচিব মহোদয়ের নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হবে;

(খ) স্ব স্ব অফিস অনুমোদিত উদ্ভাবনী ধারণা যথাসময়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।

**২.০ ইনোভেশন শোকেসিং আয়োজন।**

**২.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের অংশগ্রহণে গৃহীত উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে ন্যূনতম একটি ইনোভেশন শোকেসিং ২৩ মে ২০২৪ তারিখের মধ্যে আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা নির্বাচনপূর্বক তার বর্ণনা, প্রসেস ম্যাপ, লিংক ও টিসিভি বিশ্লেষণসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে। সভাপতি সভায় উপস্থিত সকলকে শোকেসিং আয়োজনের জন্য সম্ভাব্য ভেন্যু নির্ধারণের জন্য মতামত প্রদানের জন্য আহ্বান জানান। পরবর্তীতে সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে কারা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কারা কনভেনশন সেন্টারে ফেব্রুয়ারি ২০২৪ মাসে ইনোভেশন শোকেসিং আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.২ সিদ্ধান্ত :**

(ক) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের অংশগ্রহণে গৃহীত উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে কারা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কারা কনভেনশন সেন্টারে ইনোভেশন শোকেসিং আয়োজন করা হবে;

(খ) ফেব্রুয়ারি ২০২৪ মাসে ইনোভেশন শোকেসিং আয়োজন করা হবে।

**৩.০ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন।**

**৩.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন, ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা পরিদর্শনের আলোকে নিজ অফিসে লার্নিং সেশন আয়োজন করতে হবে। সভাপতি অন্য অফিসে বাস্তবায়িত সম্ভাব্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা পরিদর্শনের জন্য প্রস্তাবনা দেয়ার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ নভেম্বর ২০২৩ মাসের মধ্যে কার্যক্রমটি সম্পন্ন করার জন্য মতামত প্রদান করেন।

**৩.২ সিদ্ধান্ত :**

(ক) সম্ভাব্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা পরিদর্শনের জন্য প্রস্তাবনা দিতে হবে;

(খ) নভেম্বর ২০২৩ মাসের মধ্যে সম্ভাব্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা পরিদর্শনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**৪.০ ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়।**

**৪.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নের জন্য ২০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত টাকা নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে ব্যয় করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি খাতভিত্তিক কিভাবে বরাদ্দকৃত ২০ লক্ষ টাকা ব্যয় করা যায়, তার প্রস্তাবনা উপস্থাপন করার জন্য সভায় মতামত দেন।

**৪.২ সিদ্ধান্ত :**

(ক) খাতভিত্তিক কিভাবে বরাদ্দকৃত ২০ লক্ষ টাকা ব্যয় করা যায়, তার প্রস্তাবনা উপস্থাপন করতে হবে;

(খ) বরাদ্দকৃত ২০ লক্ষ টাকা যথাযথ বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে।

**৫.০ বিবিধ।**

**৫.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন, সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ হতে নিম্নলিখিত ৫টি নির্দেশনা পাওয়া গিয়েছে:

ক. স্ব স্ব দপ্তরের (মন্ত্রণালয়/ বিভাগ/ বিভাগীয়/ জেলা/ উপজেলা/ ইউনিয়ন) ওয়েবসাইটসমূহের কনটেন্ট নিয়মিত হালনাগাদ করার জন্য স্ব-স্ব দপ্তরের মাসিক সমন্বয় সভায় বিষয়টি এজেন্ডাভুক্ত করতে হবে। [মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স-২ অধিশাখার স্মরক নং- ১৭৯, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২৩, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২.১.২ কর্মসম্পাদন সূচকের সাথে সামঞ্জস্যপূর্ণ];

খ. স্মার্ট সরকার বাস্তবায়নে সরকারি সংস্থাসমূহে উদ্ভাবনী চর্চায় অগ্রসরমান প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করতে হবে [মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স-১ অধিশাখার স্মারক নং ১৩৪, তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২৩, "স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স"-এর ১ম সভার সিদ্ধান্ত, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.৫.১ এবং ১.৫.২ কর্মসম্পাদন সূচকের সাথে সামঞ্জস্যপূর্ণ];

গ. আইএমইডি কর্তৃক ই-সার্ভিসের উপর মূল্যায়ন প্রতিবেদন সকল মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করতে হবে। মূল্যায়নে প্রাপ্ত সুপারিশসমূহ প্রযোজ্য ক্ষেত্রে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করতে হবে [মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স-২ অধিশাখার স্মারক নং-১৬৬, তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২৩];

ঘ. "Digital Service and Web Design for Inclusive Accessibilty-2022" অনুসরণ করতে হবে

[মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স-১ অধিশাখার স্মারক নং-১০৯, তারিখ: ২৬ জুলাই ২০২৩];

ঙ. এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদান করতে হবে [মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স-২ অধিশাখার স্মারক নং-১৭০, তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৩]।

মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ৫টি নির্দেশনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় সকলের মতামতের ভিত্তিতে ইনোভেশন টিমের পরবর্তী সভায় প্রতিটি নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব অফিস ভিত্তিক উপস্থাপনের জন্য সভাপতি সকলকে অনুরোধ জানান।

এছাড়াও সভাপতি বলেন যে, দেখা যাচ্ছে অধিদপ্তর হতে সভায় সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা না এসে নিম্নপদের অন্য কোন কর্মকর্তাকে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন বিলম্বিত হচ্ছে। তিনি পরবর্তী সভা থেকে নির্দিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতি নিশ্চিতের উপর গুরুত্বারোপ করেন।

**৫.২ সিদ্ধান্ত :**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনাসমূহ যথাসময়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;

(খ) ইনোভেশন টিমের পরবর্তী সভায় প্রতিটি নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব অফিস ভিত্তিক উপস্থাপন করতে হবে;

(গ) ইনোভেশন টিমের পরবর্তী সভা থেকে অধিদপ্তরের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত/ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল কবীর মেনন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.২৩০

তারিখ: ২৪ কার্তিক ১৪৩০
০৯ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
৩) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৪) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
৫) উপসচিব, প্রশাসন-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৬) উপসচিব, কারা-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৮) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব